# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২০০

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ব্যক্তির জন্য হালাল পন্থায় উপার্জিত সম্পদ জমা করা জায়েয, যখন সে সম্পদের হক আদায় করবে

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلرَّجُلِ الَّذِي يَجْمَعُ الْمَالَ مِنْ حِلِّهِ إِذَا قَامَ بِحُقُوقِهِ فِيهِ

আরবী

3200 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ قَالَ: أَخْبَرَنَا أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ عَلِيٍّ قَالَ: سَمِعْتُ أَبِي أَنَّهُ سَمِعَ عَمْرِو بْنِ الْعَاصِ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صلى عَلَيْهِ وَسَلَّمَ: (يَا عَمْرُو نِعْمَ الْمَالُ الصَّالِحُ مع الرجل الصالح)
الراوي : عَمْرو بْن الْعَاصِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3200 | خلاصة حكم المحدث: صحيحـ ((المشكاة)) (3756 / التحقيق الثاني)
قَالَ أَبُو حَاتِمٍ: سَمِعَ هَذَا الْخَبَرَ عَلِيُّ بْنُ رَبَاحٍ عَنْ عَمْرِو بْنِ الْعَاصِ وَسَمِعَهُ مِنْ أَبِي الْقَيْسِ بدلَ عمرٍو عَنْ عَمْرٍو فَالطَّرِيقَانِ جَمِيعًا مَحْفُوظَانِ.

বাংলা

৩২০০. আমর বিন আস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “হে আমর, সৎ ব্যক্তির কাছে সৎ (উপার্জনের) সম্পদ কতইনা উৎকৃষ্ট সম্পদ।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসটি আলী বিন রাবাহ আমর বিন আস রাদ্বিয়াল্লাহু আনহুমা এবং আমর থেকে আমরের পরিবর্তে আবুল কাইস থেকেও শ্রবণ করেছেন। কাজেই হাদীসটির দুটো সানাদই সহীহ।

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৯৭; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ২৯৯; হাকিম: ২/২৩৬; বাগাবী: ২৪৯৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ৩৭৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92530

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন